দৈনিক ইনকিলাব

তারিখ 26 NOV 1992
পৃঃ ... কলাম ...

147

## সোহ্‌রাওয়ার্দী কলেজে সংঘর্ষ ঃ বোমাবাজি ঃ গুলী আহত ৪

॥ স্টাফ রিপোর্টার ॥

গতকাল দুপুর পৌনে ১২টায় শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজে দু'টি ছাত্র গ্রুপের কর্মীদের মাঝে ধাওয়া-পাল্টা ধাওয়া, ব্যাপক ফাঁকা গুলী ও বোমাবাজিতে ছাত্র-ছাত্রীদের মধ্যে আতংক ছড়িয়ে পড়ে। কলেজের কর্তৃত্ব দখলকে কেন্দ্র করে মুজিববাদী ছাত্র লীগ ও ছাত্র দলের কর্মীদের মধ্যে প্রথমে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। পরে দু'পক্ষ পরস্পরের প্রতি গোলাগুলী শুরু করে। এ সময় সাধারণ ছাত্র-ছাত্রীরা প্রাণের ভয়ে এদিক-ওদিক ছুটোছুটি শুরু করে। ক্যাম্পাসে বোমা বিস্ফোরণের ঘটনায় আশপাশের লোকজন আতংকগ্রস্ত হয়ে পড়ে। এতে ইট-পাটকেল নিক্ষেপে ৪ জন আহত হয়। গতকাল কলেজ ছাত্র সংসদের সহ-সভাপতি গোলাম হায়দার মুকুট এক বিবৃতিতে মুজিববাদী ছাত্র লীগ ও সংগ্রামী ছাত্র সমাজের চিহ্নিত মস্তানরা কাটা রাইফেল, বন্দুক, পিস্তল

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## সোহ্‌রাওয়ার্দী কলেজ

প্রথম পৃষ্ঠার পর

ও রিভলবার নিয়ে কলেজে হামলা চালিয়ে নৈরাজ্য সৃষ্টি করে বলে উল্লেখ করেন। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ছাত্র লীগ ঢাকা মহানগর (দঃ) শাখার সভাপতি সফিকুল আলম সফিক ও সাধারণ সম্পাদক আক্তার হোসেন এক যুক্ত বিবৃতিতে গতকাল বলেন, ছাত্র দলের ভিপি মুকুটের নেতৃত্বে একটি দল কাটা রাইফেল দিয়ে ক্যাম্পাসে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে। নেতৃবৃন্দ বলেন, ইতিপূর্বে মুকুটের বাসা থেকে পুলিশ প্রচুর অস্ত্র উদ্ধার করেছিল।